গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংক্রান্ত সভার (মে, ২০২১) কার্যবিবরণী।

সভাপতি: জনাব মো: সোহেল ইমাম খান, ডেপুটি সেক্রেটারি জেনারেল, বিএনসিইউ।

তারিখ: ০১ জুন, ২০২১ (করোনার কারণে মে মাসের সভা জুন মাসে অনুষ্ঠিত হয়)

স্থান: বিএনসিইউ সভাকক্ষ।

সময়: দুপুর ১২.০০ ঘটিকা।

উপস্থিতি: তালিকা সংযুক্ত।

সভার শুরুতে উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সম্মানিত সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, এপিএ'র নম্বরক্রম অনুসারে শিক্ষা মন্ত্রণালয়ের অবস্থান গত অর্থবছরে আশানুরূপ ছিলনা যার দায় কিছুটা হলেও আমাদের উপর বর্তায়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মহোদয় এ বিষয়ে নির্দেশনা প্রদান করেন, সকলকে সচেতন ও যত্নবান থাকতে বলেন। চলতি অর্থবছরে বিএনসিইউ'র কার্যক্রম ঠিকভাবে সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এ মাসে একটি অংশীজন সভা করার বিষয়ে তিনি নির্দেশনা দেন ও ইউনেস্কো অনুমোদিত ০৪টি প্রকল্পের মধ্যে তিনটি প্রকল্পের কাজ কতটুকু সমাধা হয়েছে তা সংশ্লিষ্ট কর্মকর্তাদের মনিটর করার জন্য বলেন। সম্মানিত সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রাম অফিসার জনাব মোহাম্মদ সোহেলুজ্জামান মে মাস পর্যন্ত সম্পাদিত কাজের অগ্রগতি উপস্থাপন করেন। প্রোগ্রাম অফিসার জনাব মো: তাজউদ্দিন বলেন জুন মাসে প্রকল্পের বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে একটি সভা হতে পারে এবং পরবর্তীতে আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| ক্রমিক নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|
| ১ | ০৪টি প্রকল্পের তিনটি প্রকল্পের কাজ কতটুকু সমাধা হয়েছে তা খতিয়ে দেখা, অংশীজনদের নিয়ে একটি সভা আয়োজন করা। | প্রকল্প মনিটর করা, অংশীজনদের নিয়ে সভা করা। | প্রোগ্রাম অফিসার (ইউনেস্কো), প্রোগ্রাম অফিসার (প্রশাসন ও অর্থ), প্রোগ্রাম অফিসার (আইসিটি), সংশ্লিষ্ট কর্মকর্তা |

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজের সমাপ্তি ঘোষণা করেন।

২১.০৬.২০২১

(মোঃ সোহেল ইমাম খান)
ডেপুটি সেক্রেটারি জেনারেল
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন